রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইসলাম গ্রহণের দাওয়াত না দিয়ে কখনও কোনো জাতির সঙ্গে যুদ্ধ করেননি।

ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইসলাম গ্রহণের দাওয়াত না দিয়ে কখনও কোনো জাতির সঙ্গে যুদ্ধ করেননি।
[সহীহ] [এটি আহমাদ ও বায়হাকী বর্ণনা করেছেন।]

ইবনু আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা জানিয়েছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কখনো কোনো জাতির সঙ্গে যুদ্ধ শুরু করেননি, যতক্ষণ না তিনি প্রথমে তাদের ইসলাম গ্রহণের দিকে আহ্বান করতেন। যদি তারা তাঁর আহ্বানে সাড়া না দিত, তখন তিনি তাদের সঙ্গে যুদ্ধ করতেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65884